গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩ শহীদ ক্যাপটেন মনসুর আলী সরণি
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১০৬.০৬.০০৩.২১- ০৬ তারিখঃ০৬-০১-২০২৩ খ্রি.

## নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৪/০১/২০২৩ খ্রিস্টাব্দ রোজ বুধবার বিকাল ০৩:০০ টায় মৎস্য অধিদপ্তরের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক সভা মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভাকক্ষ (২য় তলা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকায় অনুষ্ঠিত হবে। বর্ণিত সভায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩.০১.২০২৩

(মোহাঃ আতাউর রহমান খাঁন)
অতিরিক্ত মহাপরিচালক
ও
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
ফোন: ০২৪৭-১১০৪১০
ই-মেইল: mark_196403@yahoo.com

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৩. উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪. উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৫. উপপরিচালক (মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৬. সহকারী পরিচালক (প্রশিক্ষণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

সদয় অবগতি ও ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সহকারী পরিচালক (সেবা ও সরবরাহ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (.....জনের নাস্তা সরবরাহের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

**০৪ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত মৎস্য অধিদপ্তরের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : খঃ মাহবুবুল হক
মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
তারিখ ও সময় : ০৪ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ; বিকাল ০৩:০০ ঘটিকা।
স্থান : মৎস্য অধিদপ্তরের সভা কক্ষ (২য় তলা)।

উপস্থিতির তালিকা: **পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা কাজ শুরু করেন। আলোচ্য বিষয়ে সভাপতি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ নৈতিকতা কমিটির সভায় অনুমোদন করার লক্ষ্যে প্রতি কোয়ার্টারে ১টি করে নৈতিকতা কমিটির সভা আহ্বান করা হয়। প্রতি কোয়ার্টারে ০১ টি করে সভা আয়োজন করলে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ১.১ নং কার্যক্রমে পূর্ণনম্বর পাওয়া যাবে। কর্মপরিকল্পনার ১.২ নং ক্রমিকে অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের সুবিধার্থে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই সভা করার নির্দেশনা প্রদান করা হয়েছে। সে আলোকে মৎস্য অধিদপ্তরের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২৩ সালের ৩য় ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। সভাপতি সভার বিষয়বস্তু ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য মৎস্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক ও জাতীয় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোহাঃ আতাউর রহমান খাঁন-কে আহবান জানান।

**২.০ আলোচনা**

**২.১** সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩-এর সূচকসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ প্রতি কোয়ার্টারের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২৩ সালের ২য় ত্রৈমাসিক সভায় ১. অক্টোবর-ডিসেম্বর/২০২২ মাসের মধ্যে রাজশাহী, চট্টগ্রাম ও হবিগঞ্জ জেলায় সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক ০১ টি করে গণশুনানীর আয়োজন করা; ২. সরকার কর্তৃক নির্ধারিত অফিস সময়সূচি অনুযায়ী মৎস্য অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারির নিজ নিজ কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করা; ৩. মৎস্য অধিদপ্তর কর্তৃক আয়োজিত সকল সভা অনলাইনে করা এবং প্রয়োজন বিশেষে সরাসরি উপস্থিতির মাধ্যমে সভা আয়োজন করা হলে সেক্ষেত্রে আপ্যায়ন ব্যয় সংকোচন করা এবং ৪. এপিএ'তে অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক মৎস্য অধিদপ্তরে মোট নিষ্পত্তিকৃত নথির ৮৫ শতাংশ ই-নথির মাধ্যমে নিষ্পন্ন করার লক্ষ্যে আবশ্যিক/ বাধ্যবাধকতা ছাড়া সকল ডকুমেন্ট ই-নথিতে উপস্থাপনের সিদ্ধান্তসমূহ গৃহীত হয় যা ইতোমধ্যে শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। মৎস্য অধিদপ্তর এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো ২০২২-২৩ অর্থবছরের ২য় প্রান্তিকের (অক্টোবব-ডিসেম্বর ২০২২ খ্রি.) প্রতিবেদন সভায় অনুমোদন করা হয়।

**২.২** কর্মপরিকল্পনার ১.৩ নং কার্যক্রমের ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ইতোমধ্যে ২০/১২/২০২২ তারিখে জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, গাজীপুর এর সম্মেলন কক্ষে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় জেলা মৎস্য দপ্তরের আওতাধীন উপজেলা পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারি, মৎস্যচাষি, মৎস্যজীবী সমিতির প্রতিনিধি, মাছ ব্যবসায়ী, বেসরকারী হ্যাচারি ও খামার মালিক, মৎস্য খাদ্য বিক্রেতা, লিফ, এনজিও প্রতিনিধিসহ এ দপ্তরের অভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী অন্যান্য ব্যক্তি/প্রতিষ্ঠানের (সরকারি/বেসরকারি) প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন এবং সেখানে তাদের সমস্যা নিয়ে আলোচনা হয়। সভায় উপস্থিত মৎস্য অধিদপ্তরের সদর দপ্তর ও সংশ্লিষ্ট বিভাগ, জেলা ও উপজেলা মৎস্য কর্মকর্তাগণ উত্থাপিত সমস্যার সমাধানের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে। কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সুবিধাজনক স্থানে স্টেকহোল্ডার সভা করার বিষয়ে কমিটির সকলে একমত পোষণ করেন।

**২.৩** কর্মপরিকল্পনার ৩.৩ নং ক্রমিকে অন্তর্ভুক্ত ১০টি জেলার জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক ১টি করে গণশুনানির আয়োজন কার্যক্রমটি বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়। ১ম ও ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ইতোমধ্যে ০৫ জেলায় ০৫ টি গণশুনানি করা হয়েছে।

৩য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী জানুয়ারি-মার্চ/২০২৩ মাসের মধ্যে বাগেরহাট, রংপুর ও বগুড়া জেলায় সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক ০১টি করে গণশুনানি আয়োজন করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। বর্ণিত জেলায় গণশুনানি আয়োজনের তারিখ, সময় ও স্থান নির্ধারণপূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য জেলা মৎস্য কর্মকর্তাগণকে পত্র দেয়া যেতে পারে।

২.৪ মৎস্য অধিদপ্তরে কর্মরত মহিলা কর্মচারিগণের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে ইতোমধ্যে সদর দপ্তরের নির্বাচিত ফ্লোরসমূহে মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে। পরবর্তীতে প্রতি ফ্লোরে মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে। সভাপতি বলেন মৎস্য অধিদপ্তরে নারী বান্ধব কর্মপরিবেশ নিশ্চিতকল্পে আসন্ন নারী দিবসে সেমিনার/কর্মশালার আয়োজন করা যেতে পারে। তিনি আরো বলেন মৎস্য অধিদপ্তরে নারী বান্ধব কর্মপরিবেশ নিশ্চিতকল্পে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৩.০ সিদ্ধান্তঃ**

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৩.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত জানুয়ারি-মার্চ/২০২৩ মাসের মধ্যে সুবিধাজনক স্থানে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে ০১ টি মতবিনিময় সভা আয়োজন করতে হবে। এ বিষয়ে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন;

৩.২ জানুয়ারি-মার্চ/২০২৩ মাসের মধ্যে বাগেরহাট, রংপুর ও বগুড়া জেলায় সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক ০১ টি করে গণশুনানির আয়োজন করতে হবে। বর্ণিত জেলায় গণশুনানি আয়োজনের তারিখ, সময় ও স্থান নির্ধারণপূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য জেলা মৎস্য কর্মকর্তাগণকে পত্র প্রেরণ করতে হবে। এ বিষয়ে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন; এবং

৩.৩ মৎস্য অধিদপ্তরে নারী বান্ধব কর্মপরিবেশ নিশ্চিতকল্পে আসন্ন নারী দিবসে সেমিনার/কর্মশালা আয়োজন করতে হবে। এ বিষয়ে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন;

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(খঃ মাহবুবুল হক)
মহাপরিচালক
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি
ফোনঃ ০২-২২৩৩৮২৮৬১
ইমেইল: dg@fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১০৬.০৬.০০৩.২১- ০৬/১(১৮)

তারিখঃ ২৫-০১-২০২৩ খ্রি.

সদয় অবগতির ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ/ মৎস্য পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা/প্রশাসন/মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৩. সহকারী পরিচালক (প্রশিক্ষণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪. জনাব.....................................................................।
৫. সংশ্লিষ্ট নথি।

(মোহাঃ আতাউর রহমান খাঁন)
অতিরিক্ত মহাপরিচালক
ও
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
ফোন: ০২৪৭-১১০৪১০
ইমেইল: mark_196403@yahoo.com

**০৪/০১/২০২৩ খ্রিস্টাব্দ রোজ বুধবার বিকাল ০৩:০০ টায় মৎস্য অধিদপ্তরের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক সভা**

স্থান: সভাকক্ষ (২য় তলা)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

তারিখ: ০৪/০১/২০২২ খ্রি.

সময়: বিকাল ০৩:০০ ঘটিকা

| ক্র. নং | নাম ও পদবী | কর্মস্থল | মোবাইল নম্বর/ ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মোহাম্মদ হাবিবুর রহমান<br>PSO, FIQC | DoF | 01712295339<br>habib.ict94@yahoo.com | |
| ২. | অলক কুমার সাহা<br>DD(Aquaculture) | DoF | 01711954738<br>aloksaha@ymail.com | |
| ৩. | মোঃ সাহেদ আলী<br>DD (মৎস্য ও পরিকল্পনা) | DOF | 01712803012<br>shahed1568@gmail.com | |
| ৪. | মোঃ [illegible] হোসেন খান<br>এডিজি, [illegible] | DoF | ০১৭১২৮৪১০৫১ | |
| ৫. | সৈয়দ মোঃ আলমগীর<br>উপপরিচালক (প্রশাসন) | DOF | 01732508858<br>ah518775@gmail.com | |
| ৬. | মনিকা দাস<br>সহকারী পরিচালক | DoF | 01716603525<br>monika_afdu@yahoo.com | |
| ৭. | আকলিমা আক্তার<br>সহকারী পরিচালক | মৎস্য ভবন, ঢাকা | 01685756028<br>lima.bau2007@gmail.com | |
| ৮. | | | | |
| ৯. | | | | |